দৈনিক ইনকিলাব

৪৬

তারিখ ... 12 AUG 1989 ...
পৃষ্ঠা ... 4 কলাম 4 ...

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

২

# বিদ্যালয় ভবনটিতে গবাদিপশুর অবাধ বিচরণ চলছে

জামালপুর, ১১ আগস্ট (সংবাদদাতা)।— মেলান্দহ উপজেলার নয়ানগর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব হাফিজুর রহমানের দায়িত্বহীনতার দরুন স্কুলটিতে গত দু'বছর ধরে অচলাবস্থার সৃষ্টি হয়েছে। ফলে স্কুলটি গবাদিপশুর বিচরণ ক্ষেত্রে পরিণত হয়েছে বলে এলাকাবাসীর অভিযোগ। ১৯৩৮ সালে স্থাপিত এ বিদ্যালয়টি ১৯৭৩ সালে সরকারীকরণ করা হয় প্রধান শিক্ষকসহ এ স্কুলে ৬টি পদের মধ্যে ৩টি পদ দীর্ঘদিন ধরে শূন্য অবস্থায় রয়েছে। গত '৮২ সালের ৩ এপ্রিল প্রধান শিক্ষক মোহাম্মদ হাফিজুর রহমান (তোতা) এ স্কুলে যোগদানের পর থেকে লেখা-পড়া হচ্ছে না বলে এলাকাবাসী জানান।

গত দু'বছর ধরে সপ্তাহে একদিন হাজির থেকে পুরো ৭ দিনের স্বাক্ষর করে প্রতি মাসেই বেতন উত্তোলন করে যাচ্ছেন। একইভাবে অপর ২ জন সহকারী শিক্ষকও অধিকাংশ সময় অনুপস্থিত থেকে মাঝে মধ্যে ১২টার পর স্কুলে গিয়ে দু'এক ঘন্টা অবস্থান করেই আবার চলে যান। এ স্কুলে প্রায় ৬ শতাধিক ছাত্র-ছাত্রী ছিল। কিন্তু বর্তমানে ছাত্র-ছাত্রী নেই বললেই বলে। শুধুমাত্র প্রথম ও দ্বিতীয় শ্রেণীতে কয়েকজন ছাত্র-ছাত্রী রয়েছে। অথচ এই বিদ্যালয় থেকে অতীতে প্রায় বছরই দু'চারজন ছাত্র-ছাত্রী বৃত্তি লাভ করেছে। কর্তৃপক্ষের উদাসীনতা ও প্রধান শিক্ষকের গাফলতির দরুন স্কুলটিতে গত ২ বছর ধরে অচলাবস্থার সৃষ্টি হলেও ১ বছর ধরে প্রায় সম্পূর্ণ বন্ধের ন্যায় বলে এলাকাবাসী অভিযোগ করেন।

এ ছাড়াও স্কুলের দরজা, জানালা, চেয়ার, টেবিল ও বেঞ্চ নেই বললেই চলে। মাত্র ৫টি বেঞ্চ ও ২টি চেয়ার রয়েছে। প্রধান শিক্ষকের অবহেলার দরুন স্কুলটি গোয়াল ঘরের মত মনে হচ্ছে।

এ ব্যাপারে উপজেলা শিক্ষা অফিসারের সাথে যোগাযোগ করা হলে তিনি ঘটনার সত্যতা স্বীকার করেন।